

মনোহরগঞ্জে পাঠ্যপুস্তক সংকটে ৯শ' শিক্ষার্থী

■ মনোহরগঞ্জ (কুমিল্লা) সরকারি সিনিয়র উচ্চ বিদ্যালয় মাহুরগঞ্জে মাধ্যমিক পর্যায়ে বিভিন্ন শিফা প্রতিষ্ঠানের প্রায় ৯শ' শিক্ষার্থী পাঠ্যপুস্তক না পাওয়ায় বিপাকে পড়ছে। এতে শিফা কার্যক্রম ব্যাহত হচ্ছে। উপজেলা শিফা অফিস সূত্রে জানা যায়, ৬ষ্ঠ শ্রেণীর জন্য ৫ হাজার ৫০০ পেট বইয়ের তালিকা জেলা শিফা অফিসের মাধ্যমে জাতীয় শিফাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে পাঠানো হলে পাওয়া যায় ৪ হাজার ১শ' ৫০ পেট। চাহিদার তুলনায় ৯শ' পেট বই কম পাওয়ায় উপজেলার প্রায় তুলনামূলক পাঠ্যপুস্তক সংকট দেখা দিয়েছে। বিপুলসার আহমদ উল্লাহ উচ্চ বিদ্যালয় ম্যানেজিং কমিটির সদস্য সাবেক চেয়ারম্যান শরিফ হোসেন জানান, এ ফুর্সে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তিকৃত ৫শ' ৫০ জন শিক্ষার্থীর বইয়ের তালিকা উপজেলা শিফা অফিসে পাঠানো হলে পাওয়া যায় ৪শ' ১০ পেট বই। ১শ' ৪০ জন শিক্ষার্থী বই থেকে বঞ্চিত হয়। একই শ্রেণীতে ৩শ' ৬০ জন শিক্ষার্থী তদুপস্থিত বই পায়নি। ৭ম শ্রেণীতেও ২৫

জন শিক্ষার্থী বই থেকে বঞ্চিত হয়েছে। তাছাড়া পানশীও, ভোগই, ফিলা, আফিম উল্লাহ উচ্চ বিদ্যালয়সহ উপজেলার বিভিন্ন ফুর্স থেকে একই অভিযোগ পাওয়া যায়। উপজেলা মাধ্যমিক শিফা কর্মকর্তা মৈয়ন তৈয়ব হোসেন জানান, এ সংকট নিরসনে জেলা শিফা অফিসের সাথে সার্বজনিক যোগাযোগ রাখা হচ্ছে।